



KATWA COLLEGE

(Affiliated to the University of Burdwan)

P.O.: Katwa, Dist.: Purba Bardhaman, West Bengal, 713130, India

বিজ্ঞপ্তি

সেমেস্টার ১, ৩, ৫ এর সমস্ত পরীক্ষার্থীদের জন্য

- সেমেস্টার ১, ৩, ও ৫ এর আভ্যন্তরীণ পরীক্ষা কলেজ বিজ্ঞপ্তি অনুযায়ী নির্দিষ্ট দিন ও সময়সারণী অনুযায়ী অনলাইন মোডে হবে। পরীক্ষার্থীরা ঘরে বসে কলেজের ওয়েবসাইট এর মাধ্যমে প্রশ্নপত্র দেখতে ও ডাউনলোড করতে পারবে, নিজের কাগজে উত্তর লিখবে এবং প্রশ্নপত্রে দেওয়া নির্দিষ্ট ঠিকানার ইমেল-এ উত্তরপত্র পাঠাবে।
- প্রত্যেক পরীক্ষার্থীর সাধারণভাবে নিজস্ব ই-মেল আইডি ব্যবহার করা বাঞ্ছনীয় যেটা থেকে নির্দিষ্ট ইমেল আইডিতে তারা উত্তরপত্র প্রেরণ করবে।
- কলেজ ওয়েবসাইট থেকে প্রাপ্ত উত্তরপত্রের প্রথম পাতার ফর্ম্যাট অনুযায়ী পরীক্ষার্থীর নাম, কলেজ রোল নং (২০২১ শিক্ষাবর্ষে যারা ভর্তি হয়েছে কেবলমাত্র তারাই কলেজ রোল নং লিখবে), ইউনিভার্সিটি রোল নং, রেজিস্ট্রেশন নম্বর, কোর্স/পত্র ও বিষয় অত্যন্ত সাবধানতার সঙ্গে নিরভুলভাবে ভরতে হবে। প্রথম পাতা সম্পূর্ণভাবে ও সঠিকভাবে ভরা না থাকলে উত্তরপত্র অসম্পূর্ণ বলে বিবেচিত হবে।
- প্রতিটি পত্র ১০ নম্বরের হবে। প্রশ্নপত্র কলেজ ওয়েবসাইট এ পরীক্ষা আরম্ভের আধ ঘন্টা আগে পাওয়া যাবে।
- পরীক্ষার দিনক্ষণ ও সময়সূচী খুব সাবধানে সঠিকভাবে দেখে পরীক্ষায় বসতে হবে।
- পরীক্ষার্থীদের নিজের হাতে লেখা উত্তরপত্রের একটি PDF FILE নির্ধারিত ই-মেল আইডিতে নির্দিষ্ট সময়ের মধ্যে পাঠাতে হবে। PDF -এ প্রথমে সামনের পাতা তারপর পৃষ্ঠা সংখ্যা ক্রমানুযায়ী সাজানো থাকবে। প্রতিবন্দি পরীক্ষার্থীরা কলেজের কাছে



KATWA COLLEGE

(Affiliated to the University of Burdwan)

P.O.: Katwa, Dist.: Purba Bardhaman, West Bengal, 713130, India

অনুলেখকের জন্য অনুমতি নিতে পারে। উত্তরপত্র পাঠানোর সময়ে সঠিক ই-মেল আইডি টাইপ করার বিষয়ে অত্যন্ত সতর্কতা অবলম্বন করতে হবে। পরীক্ষার্থীরা পরীক্ষায় নির্দিষ্ট সময়ের পূর্বে আধ ঘণ্টা পাবে প্রশ্নপত্র ডাউনলোড করার জন্য আর পরীক্ষার পর আধ ঘণ্টা পাবে উত্তর পত্রের PDF FILE পাঠানোর জন্য।

৭. উত্তর পত্রের প্রতি পাতায় পৃষ্ঠা সংখ্যা উল্লেখ করতে হবে। সেগুলিকে ক্রমানুযায়ী সাজিয়ে স্ক্যান/ ছবি করে একটি PDF FILE তৈরী করতে হবে। PDF Documents এর নাম হবে পরীক্ষার্থীর রোল নং এবং Mail Attachment রূপে নির্দিষ্ট মেল আইডিতে পাঠাতে হবে। মেল এর বিষয় স্থানে রোল নম্বর লিখতে হবে।

৮. পরীক্ষার্থীদের অবশ্যই প্রথম পাতায় স্বাক্ষর করতে হবে। উত্তরপত্র প্রেরণের মেল এর Screenshot পরীক্ষার্থীদের রাখতে হবে যাতে যান্ত্রিক কারণে মেল পরে পৌঁছলে প্রেরণের সঠিক সময় সংক্রান্ত প্রমাণ রূপে কাজ করবে।

৯. পরীক্ষার্থীরা ঘরে বসে পরীক্ষা দিলেও যদি পরীক্ষা ব্যবস্থার পবিত্রতা ভঙ্গ হয় তবে পরীক্ষকের প্রতিবেদন এর ভিত্তিতে পরীক্ষার্থীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া যেতে পারে।

১০. সকল পরীক্ষার্থীদের কেবলমাত্র ইমেল দ্বারাই উত্তরপত্র প্রেরণ করতে হবে। কলেজ প্রাঙ্গনে কোন পরীক্ষার্থীকে প্রবেশ করতে দেওয়া হবে না। যদি সঠিক সময়ের মধ্যে উত্তরপত্র ইমেল এর মাধ্যমে জমা না পড়ে তাহলে সেই পরীক্ষার্থীকে অনুস্পৃহিত (ABSENT) বলে গন্য করা হবে।

অধ্যক্ষ,
কাটোয়া কলেজ